
খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনায় হেফাজতের দোয়া আহ্বান



সংগৃহীত ছবি

গুরুতর অসুস্থ সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতার জন্য দেশবাসীর প্রতি দোয়া আহ্বান জানিয়েছেন হেফাজতে ইসলামের আমির মুহিব্বুল্লাহ বাবুনগরী ও মহাসচিব সাজেদুর রহমান।

শনিবার (২৯ নভেম্বর) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তারা বলেন, “আল্লাহ যেন তাকে দ্রুত সুস্থ করেন এবং দেশের কল্যাণে আবারও কাজ করার তাওফিক দান করেন।”

বিবৃতিতে হেফাজত নেতারা স্মরণ করেন, ২০১৩ সালে শাহবাগের ইসলামবিদ্বেষী শক্তির বিরুদ্ধে তিনি দৃঢ় অবস্থান নেন এবং হেফাজতের আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে দেশের স্বার্থ রক্ষা করেন। তারা উল্লেখ করেন, তিনি দলের নেতাকর্মীদেরও হেফাজতের পাশে থাকার নির্দেশ দিয়েছেন।

হেফাজত নেতারা আরও বলেন, “খালেদা জিয়া শুধু সাবেক প্রধানমন্ত্রীই নন, তিনি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সহধর্মিণী। স্বামীর আদর্শ ধরে রেখে তিনি ভারতীয় আধিপত্যবাদ ও রাজনৈতিক নিপীড়নের বিরুদ্ধে দীর্ঘ সংগ্রাম করেছেন। মিথ্যা মামলা ও কারাবাস সত্ত্বেও তিনি সাহস ও দৃঢ়তা বজায় রেখেছেন। তার ত্যাগ ও সংগ্রাম দেশের জন্য অনুপ্রেরণার উৎস।”